# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

---

১) নেশামুক্ত ও ড্রাগসমুক্ত অভিযানে অংশগ্রহণ করতে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্যের আগামী ১৮ ই সেপ্টেম্বর শ্রীভূমি সফর ।

২) আগামী তেসোরা অক্টোবর অনুষ্ঠেয় শিলচর পৌরনিগম নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিন ।

৩) আগামী ১৭ ই সেপ্টেম্বর থেকে ১৭ ই অক্টোবর পর্যন্ত মাসব্যাপী কার্যসূচীর মাধ্যমে বিজেপির সেবা সংকল্প অভিযান ।

এবং

৪) দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আগামীকাল হাইলাকান্দি জেলায়ও জাতীয় লোক আদালত ।

-------------------------------------------------------------------------------------

নেশা মুক্ত ও ড্রাগসমুক্ত অভিযানে অংশ নিতে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য আগামী ১৮ সেপ্টেম্বর শ্রীভূমি সফরে আসছেন । কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের ধ্বজাবাহী প্রকল্প নেশা মুক্ত ভারত অভিযানের অধীনে নেশা মুক্ত ও ড্রাগস মুক্ত ভারত গড়ে তুলতে রাজ্য সরকারের উদ্যোগে সমগ্র রাজ্যজুড়ে ১৭ সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত যে সচেতনতা অভিযান চালানো হবে তাতে অংশ নিতে রাজ্যপাল শ্রীভূমি জেলায় আসছেন । এই অভিযানের অঙ্গ হিসেবে রাজ্যের নির্বাচিত ১০ টি জেলায় নেশামুক্ত ভারত অভিযানের বার্তাকে আরো সুদৃঢ় করতে পদযাত্রা সহ সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । এদিকে এই পদযাত্রার কর্মসূচী স্থির করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে ভারপ্রাপ্ত জেলা উন্নয়ন আয়ুক্ত এল খিংতের পৌরহিত্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । এই কর্মসূচীকে সফল করে তুলতে সভায় জেলা প্রশাসন থেকে সংশ্লিষ্ট বিভাগগুলিকে

দায়িত্ব সমঝে দেওয়া হয় । সভায় অন্যান্যদের মধ্যে জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক মুন গগৈ , সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইউমনাম ,অন্বেষা খেরসা ,অতিরিক্ত পুলিশ সুপার প্রণবজ্যোতি কলিতা সহ বিভাগীয় আধিকারিকরা অংশ নেন ।

---

শিলচর পৌর নিগম নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিনে সকাল ১১ টা থেকে বিকেল ৩ টে পর্যন্ত ৪২ টি ওয়ার্ডের মনোনীত প্রার্থীরা সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।ভারতীয় জনতা পার্টী সহ মিত্রজোঁট অসম গণপরিষদ , কংগ্রেস দলের প্রার্থীরা শোভাযাত্রার মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করেন ।শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে বিজেপি মনোনীত প্রার্থী এবং ইন্দিরা ভবন থেকে কংগ্রেস দলের প্রার্থীরা হাতে দলীয় পতাকা নিয়ে শোভাযাত্রার মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করেন ।এদিকে বিজেপি এবং কংগ্রেস দলের বহু টিকিট প্রত্যাশী দলের প্রার্থীত্ব লাভ না করায় তাদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয় এবং বেশ কয়েকজন প্রার্থী নির্দল প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দেন ।
উল্লেখ্য আগামী ১৪ ই সেপ্টেম্বর মনোনয়নপত্র পরীক্ষা করা হবে এবং ১৭ সেপ্টেম্বর বিকেল তিনটে পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে । তেসোরা অক্টোবর সকাল সাড়ে ৭ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । ৬ অক্টোবর ভোট গণনা করা হবে ।

---

নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী নগাঁও জেলার আয়ুক্ত পদ থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণ করা দেবাশিস শর্মার নাম প্রার্থী হিসেবে ঘোষণা করেছে ।দলের কেন্দ্রীয় নির্বাচন কমিটি তাঁর প্রার্থীত্বে অনুমোদন জানিয়েছে ।উল্লেখ্য আগামী ৬ অক্টোবর নগাঁও লোকসভা আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হবে ।৯ অক্টোবর এই উপনির্বাচনের ভোট গণনা করা হবে ।

---

বিজেপির বর্ধিত রাজ্য কার্যনির্বাহক সভা আজ গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়েছে । এই বর্ধিত কার্যনির্বাহক সভায় মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া এবং আসাম প্রভারী তথা জাতীয় সাধারণ সম্পাদক হরিশ দ্বিবেদী সহ মন্ত্রী ,সাংসদ তথা বিধায়করা অংশগ্রহণ করেন । দলের বর্ধিত কার্যনির্বাহক সভা অনুষ্ঠিত হবার পূর্বে অনুষ্ঠিত এই বৈঠকে প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদীর সুশাসনের ২৫ বছর সম্পূর্ণ উপলক্ষ্যে আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ১৭ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠেয় সেবা সংকল্প অভিযান শীর্ষক মাসব্যাপী কার্যসূচী

রূপায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এদিকে জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের মৃত্যু দিন ১৯ সেপ্টেম্বরের দিনটি রক্তদান কার্যসূচী অনুষ্ঠিত করে শিল্পীর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ জাতীয় বন দিবস উদযাপন করা হয়েছে । এই দিনে দেশের বনাঞ্চল ,বন্যপ্রাণী ও জৈব বৈচিত্রের সুরক্ষার জন্য প্রাণ ত্যাগ করা সাহসী বন সুরক্ষা কর্মী , বন আধিকারিক তথা সদস্যদের প্রতি সম্মান জানানো হয় । কেন্দ্রীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব এই দিবস উপলক্ষ্যে বহনক্ষম ভবিষ্যতের স্বার্থে সর্ব্বোচ্চ ত্যাগ করা বন আধিকারিকদের প্রতি শ্রদ্ধা জানান । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী যাদব বলেন যে ভারতের বিশাল জৈব বৈচিত্রকে বন বিভাগের সমর্পিত বাহিনী নিরাপত্তা প্রদান করেন । দেশের প্রাকৃতিক সম্পদের সুরক্ষার জন্য দাবানল ,বন্যপ্রাণী সরবরাহকারী এবং চোরা শিকারীদের বিরুদ্ধে সাহসের সঙ্গে লড়াই করা আধিকারিকদের স্মরণ করে শ্রী যাদব বলেন যে গাছপালা ,বন্যপ্রানী ও নদী কেবল প্রাকৃতিক সম্পদ নয় , এই সম্পদসমূহ মানবতার জন্য জীবন সমর্থন ব্যাবস্থাও গড়ে তোলে ।

---------------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তে আগামীকাল চলতি বছরের তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতের মাধ্যমে দেওয়ানী , আপোস বিহীন ফৌজদারী মামলা , চেক বাউন্স , বৈবাহিক তথা পারিবারিক বিবাদ , মোটর দূর্ঘটনার ক্ষতিপূরণ , বেংক ঋণ এবং বিদ্যুৎ সম্পর্কীত মামলার সহ প্রাক আদালত পর্যায়ের বিবাদ নিষ্পত্তি করা হবে । এর অংশ হিসেবে আগামীকাল হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে ।নাগরিকরা প্রাক মামলা সংক্রান্ত বিরোধের পাশাপাশি বর্তমানে আদালতে বিচারাধীন মামলাও এখানে নিষ্পত্তি করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ এবং গৌহাটী হাইকোর্ট মেডিয়েশন সেন্টারের নির্দেশনায় কাছাড় জেলা আইনসেবা কর্তৃপক্ষ মধ্যস্ততার মাধ্যমে বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তির লক্ষ্যে # মেডিয়েশন ফর নেশন তৃতীয় পর্যায় --- মেডিয়েশনের মাধ্যমে বিচারাধীন মামলার নিষ্পত্তির জন্য মধ্যস্ততা অভিযানের # বিশেষ কার্যসূচী আরম্ভ করছে ।

এই অভিযানের সময় উপযুক্ত বিচারাধীন মামলাগুলি চিহ্নিত করে মধ্যস্ততার জন্য বাছাই  করা হবে । এই অভিযান আগামী পয়লা অক্টোবর থেকে শুরু হয়ে ৩১শে ডিসেম্বর পর্যন্ত চলবে । কাছাড় জেলা আইনসেবা কর্তৃপক্ষ সকল মামলাকারী , আইনজীবি ও জনসাধারণের প্রতি এই অভিযানে সক্রিয়ভাবে সহযোগীতা করা সহ মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য মধ্যস্ততার সুবিধা গ্রহণ করার আবেদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে জেলায় গত বুধবার থেকে জাতীয় পোষণ মাস পালন করা হচ্ছে । এই পোষণ মাস পালনের বিস্তৃত কার্যসূচী নিয়ে আলোচনা করার উদ্দেশ্যে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।এ বছরের পোষণ মাসের বিষয়বস্তু হচ্ছে ‘ হমারি অঙ্গনওয়াড়ি হমারি জিম্মেদারি ’।সভায় জানানো হয় যে আজ থেকে ১৭ ই সেপ্টেম্বর পর্যন্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে পোষণ  মেলা , পুষ্টিকর ও স্থানীয় খাদ্যের প্রদর্শন ইত্যাদির আয়োজন করা হয়েছে । ১৮ থেকে ২২ শে সেপ্টেম্বর পর্যন্ত গর্ভবতী মহিলা ও স্তন্যপান করানো মা এবং শিশুদের জন্য পুষ্টি সমৃদ্ধ গরম রান্না করা খাবার প্রস্তুতের পদ্ধতি নিয়ে কার্যসূচী চলবে ।২৩ থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত অঙ্গনওয়াড়ি পরিচালন কমিটি পুনরগঠন , তিথি ভোজন , পোষণ চ্যাম্পিয়ন বাছাই ইত্যাদি চলবে । ৩০ শে সেপ্টেম্বর থেকে চৌঠা অক্টোবর পর্যন্ত শিশুদের বৃদ্ধি , অপুষ্টি শনাক্তকরণ,৫ থেকে ৮ অক্টোবর পর্যন্ত প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার অধীনে গর্ভবতী মহিলা ও স্তন্যপান করানো মায়েদের বিশেষ নিবন্ধন অভিযান চালানো হবে ।সভায় সহকারী আয়ুক্ত অন্বেসা খেরসা , জেলা সমাজ কল্যাণ আধিকারীক সৈয়দ আহিদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

কাবুগঞ্জ জনতা কলেজের এন এস এস , এন সি সি ইউনিট ও রেড রিবন ক্লাবের উদ্যোগে এবংআসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনের শিলচর ক্যান্সার সেন্টারের সহযোগীতায় আজ জনতা কলেজ প্রেক্ষাগৃহে ক্যান্সার সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি , প্রতিরোধ এবং প্রাথমিক পর্য্যায়ে ক্যান্সার শনাক্তকরনের গুরুত্ব তুলে ধরে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর দেবাশীষ পালের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার জোনাল সংযোজক অভিজিৎ ভট্টাচার্য এবং দন্ত চিকিৎসক মনোজিৎ বণিক ক্যান্সার সচেতনতা নিয়ে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর মাসিমপুরে ফ্রন্টিয়ার হেডকোয়াটার্স সীমান্ত সুরক্ষা বাহিনীর পেনশন ভোগী ও পারিবারিক পেনশন ভোগীদের বিভিন্ন সমস্যা ও অভিযোগ নিষ্পত্তির জন্য আজ মাসিমপুরে পেনশন আদালতের আয়োজন করা হয়েছে । এম এন্ড সি ফ্রন্টিয়ারের ডি আই জি হিদাম শুবোল সিং-এর পৌরহিত্যে আয়োজিত পেনশন আদালতে সীমান্ত সুরক্ষা বাহিনীর পেনশন ভোগী ও তাদের পরিবারের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে । পেনশন আদালতে মোট ৪৯ জন  পেনশন ভোগী ও পারিবারিক পেনশন ভোগীরা উপস্থিত ছিলেন । এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের আরো ৯ জন পেনশন ভোগী অনলাইনের মাধ্যমে এতে অংশ নেন । আজ পেনশন আদালতে বেশ কয়েকটি অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং শিলচর সঙ্গীত বিদ্যালয়ের সহযোগীতায় আজ সন্ধ্যা ছটায় শিলচর সঙ্গীত বিদ্যালয় প্রেক্ষাগৃহে লোকশিল্পী ও গবেষক প্রয়াত কালিকা প্রসাদ ভট্টাচার্যের ৫৬ তম জন্মদিবস লোক সংহতি দিবস হিসেবে পালন করা হয়েছে । প্রথমে প্রয়াত কালিকা প্রসাদ ভট্টাচার্যের প্রতিকৃতিতে  জেলার অতিরিক্ত আয়ুক্ত ডেভিড কুমার বরা ,  সাংস্কৃতিক উন্নয়ন আধিকারীক স্নেহাংশু রায়  সহ বিভিন্ন শিল্পীরা শ্রদ্ধা জানান । পরে কালিকা প্রসাদ ভট্টাচার্য্যের সঙ্গীত পরিবেশন করা হয়েছে । উল্লেখ্য লোক সঙ্গীতের সংরক্ষন, গবেষনা ও লোক সঙ্গীতকে জনপ্রিয় করে তোলার ক্ষেত্রে কালিকা প্রসাদ ভট্টাচার্য্যের অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ আসাম সরকার প্রতি বছর ১১ই সেপ্টেম্বর দিনটিকে লোক সংহতি দিবস হিসেবে পালন করে থাকে ।

---------------------------------------------------------------------------------

বরাক ভ্যালী চা যুব কল্যান সমিতির উদ্যোগে এবং শিলচর ইন্ডিয়া ক্লাবের ১২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত সন্তোষ মোহন দেব স্মৃতি অনুর্ধ-১৯ নক আউট প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার উধারবন্দ জোনের আজকের দ্বিতীয় সেমি-ফাইনালের খেলায় কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দল ৪-০ গোলের ব্যবধানে বরশিঙ্গা চা বাগান ফুটবল দলকে পরাজিত করেছে । আজকের খেলায় কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দলের কৌশিক বাগদী খেলার ৩৩ মিনিটে প্রথম গোল , মনীষ রায় ৩৮ মিনিটে দ্বিতীয় গোল , অনুপম রী ৪৮ মিনিটে তৃতীয় গোল এবং ম্যাক্স রী ৫৫ মিনিটে চর্তুথ গোল করেন । আজকের খেলায় সেরা খোলায়াড় নির্বাচিত হয়েছেন কৌশিক বাগদী ।

বরশিঙ্গা চা বাগানের খেলার মাঠে আগামী রবিবার আয়োজিত ফাইনাল খেলায় কুম্ভীরগ্রাম চা বাগান ফুটবল দল এবং লক্ষীপুর ল্যান্ডলোর্ড ক্লাব পরস্পরের মূখোমূখী হবে ।

---------------------------------------------------------------------------------------